দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 17 AUG 2015 ...
পৃষ্ঠা ... ... কলাম ...

# মেডিক্যালে ভর্তি পরীক্ষা ১৮ সেপ্টেম্বর

**স্টাফ রিপোর্টার ॥** ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের এমবিবিএস ও বিডিএস ভর্তি পরীক্ষা আগামী ১৮ সেপ্টেম্বর অনুষ্ঠিত হবে। রবিবার সচিবালয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিমের সভাপতিত্বে এমবিবিএস ও বিডিএস ভর্তি পরীক্ষা সংক্রান্ত এক সভায় এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেয়া হয়। তবে ভর্তি পরীক্ষার ন্যূনতম পাস নম্বর কমানোর বিষয়ে কোন সিদ্ধান্ত হয়নি। ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করে এ বিষয়ে সিদ্ধান্ত নেয়া হবে বলে স্বাস্থ্য মন্ত্রণালয় সূত্র জানিয়েছে। এর আগে ভর্তি পরীক্ষার সম্ভাব্য তারিখ দু'বার পরিবর্তন করেছে সংশ্লিষ্ট মন্ত্রণালয়।

সভায় অন্যান্যের মধ্যে স্বাস্থ্য প্রতিমন্ত্রী জাহিদ মালেক, স্বাস্থ্য সচিব সৈয়দ মনজুরুল ইসলাম, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল

*(২ পৃষ্ঠা ২ কঃ দেখুন)*

## মেডিক্যালে ভর্তি

*(প্রথম পৃষ্ঠার পর)*

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডাঃ কামরুল হাসান খান, স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালক অধ্যাপক ডাঃ দীন মোঃ নুরুল হক, পরিবার পরিকল্পনা অধিদফতরের মহাপরিচালক মোঃ নূর হোসেন তালুকদার, বিএমএ'র সভাপতি অধ্যাপক ডাঃ মাহমুদ হাসানসহ মন্ত্রণালয় ও অধিদফতরের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, বিভিন্ন সরকারী মেডিক্যাল কলেজের অধ্যক্ষ, ঢাকা বিশ্ববিদ্যালয়, বেসরকারী মেডিক্যাল কলেজ, বাংলাদেশ মেডিক্যাল ও ডেন্টাল কাউন্সিলের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

সংশ্লিষ্ট সূত্র জানায়, এ বছরও আবেদন ফি ৬৫০ টাকাই থাকছে। এক ঘণ্টার ১০০ নম্বরের এমসিকিউ (টিক চিহ্ন) পরীক্ষা ও এসএসসি এবং এইচএসসি পরীক্ষার ফলের ওপর ভিত্তি করে শিক্ষার্থী ভর্তি করা হবে। স্বাস্থ্য অধিদফতর জানায়, দেশে বর্তমানে ২৯টি সরকারী মেডিক্যাল কলেজে এমবিবিএস কোর্সে ৩১৬২টি আসন এবং ৬৪টি বেসরকারী মেডিক্যাল কলেজে ৫৩২৫টি আসন রয়েছে। এ ছাড়া নয়টি সরকারী ডেন্টাল কলেজ ও মেডিক্যাল কলেজগুলোর ডেন্টাল ইউনিট মিলিয়ে বিডিএস কোর্সে মোট ৫৩২টি ও ২৪টি বেসরকারী ডেন্টাল কলেজে ১২৮০টি আসন রয়েছে।